Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## আলোকিত বাংলাদেশ



### ঢাবিতে বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

**আলোকিত ডেস্ক :** ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের ২০২৩ ও ২০২৪ সালের 'বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত সোমবার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের রুটিন দায়িত্বে নিয়োজিত প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় হল সংসদের ভিপি রাফিয়া রেহনুমা হৃদিসহ হল সংসদের অন্যান্য প্রতিনিধি ও আবাসিক শিক্ষকগণ উপস্থিত ছিলেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

## আমার দেশ



ঢাবির বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। ছবিটি গতকাল তোলা ■ আমার সংবাদ

# The Country Today

## CAMPUS CORNER

TRUST & FAST CONSULTANCY

# DU Bangladesh-Kuwait Friendship Hall's annual literature, prize distribution for cultural competition held



**DU Correspondent**

The award distribution ceremony of the 'Annual Literary and Cultural Competition' of Dhaka University Bangladesh-Kuwait Friendship Hall for the years 2023 and 2024 was held at the hall auditorium on Monday evening.

Pro-Vice Chancellor (Admin) Prof Dr. Saima Haque Bidisha, who is on routine duty as the Vice Chancellor of Dhaka University, was present as the chief guest and distributed prizes among the winners of various competitions.

Bangladesh-Kuwait Friendship Hall Provost Professor Dr. Mahbuba Sultana presided over the function, while Dean of the Faculty of Arts Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan and Dean of the Faculty of Science Professor Dr. Abdus Salam spoke as special guests. The convenor of the Hall Literary and Cultural Celebration Committee, Monira Parveen, a part-time teacher of the hall, delivered the welcome speech. The function was conducted by Nishita Zaman Niha, General Secretary of the Bangladesh-Kuwait Friendship Hall Sangsad. At this time, VP of the Hall Sangsad Rafia Rehnuma Hridi, other representatives of the Hall Sangsad and resident teachers were present.

## The New Nation



Professor Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor of Dhaka University is present as the chief guest at the award distribution ceremony for the Annual Literature and Cultural Competitions of Dhaka University's Bangladesh-Kuwait Maitree Hall held at the hall auditorium. ■ NN photo

# DU holds lit-cultural awards ceremony

City Desk

The award distribution ceremony for the 2023 and 2024 Annual Literature and Cultural Competitions of Dhaka University's Bangladesh-Kuwait Maitree Hall was held at the hall auditorium.

Professor Dr. Saima Haque Bidisha, Pro-Vice Chancellor (Administration) of Dhaka University, attended as the chief guest and presented awards to the winners of various competitions, says a press release.

The event was chaired by Professor Dr. Mahbuba Sultana, Provost of Bangladesh-Kuwait Maitree Hall.

Special guests included Professor Dr. Mohammad Siddiqur Rahman Khan, Dean of the Faculty of Arts, and Professor Dr. Abdus Salam, Dean of the Faculty of Science.

The welcome speech was given by Monira Parvin, convener of the Hall's Literature and Cultural Celebration Committee.

The ceremony was hosted by Nishita Zaman Niha, General Secretary of the Hall Council.

## নয়া দিগন্ত



# ঢাবি বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের ২০২৩ ও ২০২৪ সালের 'বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা'র পুরস্কার বিতরণী অনুষ্ঠান সোমবার সন্ধ্যায় হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির রুটিন দায়িত্বে নিয়োজিত প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।


বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মাহবুবা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন হল সাহিত্য ও সাংস্কৃতিক উদযাপন কমিটির আহ্বায়ক হলের খণ্ডকালীন শিক্ষক মনিরা পারভীন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল সংসদের সাধারণ সম্পাদক নিশিতা জামান নিহা। এ সময় হল সংসদের ভিপি রাফিয়া রেহনুমা হৃদিসহ হল সংসদের অন্যান্য প্রতিনিধি ও আবাসিক শিক্ষকগণ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।

**প্রথম আলো**

# তরুণ শিল্পীদের কাজে প্রেম ও প্রকৃতির রূপায়ণ

প্রদর্শনীর নাম 'ইটারনাল ইলেভেন'। তরুণ প্রজন্মের ১১ শিল্পী বিভিন্ন মাধ্যমে তাঁদের এই শিল্পকর্ম প্রদর্শনীতে ভূপ্রকৃতির সৌন্দর্য, মানবহৃদয়ের সুকুমার অনুভূতি, প্রেম ও প্রার্থনার মতো বিচিত্র বিষয় তুলে ধরেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের জয়নুল গ্যালারির উভয় অংশে এই যৌথ চিত্রকলা প্রদর্শনী শুরু হয়েছে ১৭ অক্টোবর। বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক মোহাম্মদ আজম প্রধান অতিথি হিসেবে প্রদর্শনীর উদ্বোধন করেন। বিশেষ অতিথি ছিলেন শান্ত-মারিয়াম বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান শিল্পী অধ্যাপক মোস্তাফিজুল হক ও চারুকলা অনুষদের ডিন শিল্পী অধ্যাপক আজহারুল ইসলাম শেখ। আজ বুধবার প্রদর্শনীর শেষ দিন। সবার জন্য রাত আটটা পর্যন্ত খোলা থাকবে। শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির এমএফএ ২০তম ব্যাচের ১১ শিক্ষার্থীর শিল্পকর্ম নিয়ে এই যৌথ প্রদর্শনী। অংশগ্রহণকারী শিল্পীরা হলেন রাজিয়া সুলতানা, কামরুল হাসান, গৌতম পাল, সামান্তা নাসির, মাইশা আনিকা, রানা খন্দকার, জেসিফার রহমান, জিনিয়া আফরোজ, নন্দদুলাল পাল, অনন্যা বসাক ও অভিক রায় চৌধুরী। অংশগ্রহণকারী শিল্পীদের মধ্যে সামান্তা নাসির জানান, প্রত্যেকের ৮টি করে মোট ৮৮টি শিল্পকর্ম রয়েছে এই প্রদর্শনীতে।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*



তরুণ শিল্পীদের শিল্পকর্ম প্রদর্শনী 'ইটারনাল ইলাভেন'-এর শিল্পকর্ম দেখছেন দর্শকেরা। গতকাল মঙ্গলবার বিকেলে চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে।
ছবি : প্রথম আলো